

# যুগান্তর

প্রিন্ট: ২৯ জুলাই ২০২৫, ০৪:২৭ পিএম


শিক্ষাঙ্গন

## ১৬০ দিন পর খুলল কুয়েট



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৯ জুলাই ২০২৫, ১০:৩৩ এএম



দীর্ঘ পাঁচ মাস ১০ দিন বন্ধ থাকার পর খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ক্লাস ও একাডেমিক কার্যক্রম শুরু হয়েছে। মঙ্গলবার (২৯ জুলাই) সকাল থেকে শিক্ষা প্রতিষ্ঠানটির কার্যক্রম শুরু হয়।

শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা শেষে সোমবার (২৮ জুলাই) দুপুরে বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য অধ্যাপক ড. মো. মাকসুদ হেলালী ক্লাস শুরুর নির্দেশ দেন।

ড. মো. মাকসুদ হেলালী বলেন, শিক্ষক ও ছাত্ররা একমত হয়েছেন। ক্লাস ও তদন্ত কার্যক্রম একসঙ্গে চলবে। এজন্য ২৯ জুলাই থেকে ক্লাস শুরুর জন্য নির্দেশনা দেওয়া হয়েছে।

গত ১৮ ফেব্রুয়ারি কুয়েটে ছাত্ররাজনীতি বন্ধের দাবি নিয়ে দ্বন্দ্বের জেরে ছাত্রদল নেতাকর্মী ও বহিরাগতদের সঙ্গে সাধারণ শিক্ষার্থীদের সংঘর্ষ হয়। এতে শতাধিক শিক্ষার্থী আহত হন। ওই রাতেই হামলাকারীদের পক্ষ নেওয়ার অভিযোগে তৎকালীন উপাচার্যসহ কয়েকজন শিক্ষককে লাঞ্চিত করার অভিযোগ ওঠে শিক্ষার্থীদের বিরুদ্ধে।

কুয়েটে সংঘর্ষের ঘটনায় গত ২৫ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। এরপর থেকে চলছে অচলাবস্থা। শিক্ষার্থীদের এক দফা আন্দোলন ও আমরণ অনশনের প্রেক্ষিতে গত ২৫ এপ্রিল উপাচার্যকে অপসারণ করে সরকার।

গত ১ মে ভারপ্রাপ্ত উপাচার্য হিসেবে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মো. হযরত আলীকে নিয়োগ দেওয়া হয়। সিভিকিটের সিদ্ধান্ত অনুযায়ী ৪ মে থেকে ক্লাস শুরুর কথা থাকলেও একাডেমিক কার্যক্রমে ফেরেননি শিক্ষকরা।

ছাত্রদের হাতে শিক্ষক লাঞ্চিতের বিচার না হওয়া পর্যন্ত ক্লাসে ফিরবেন না বলে জানায় কুয়েট শিক্ষক সমিতি। এরপর গত ২১ মে ড. মো. হযরত আলী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ থেকে পদত্যাগ করেন। এরপর থেকে অচল অবস্থায় রয়েছে কুয়েট বিশ্ববিদ্যালয়।